# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 27-03-2025** **Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাজ্যের কলেজ বিশ্ববিদ্যালয়গুলিতে ছাত্র সংসদ নির্বাচন কেন হচ্ছে না, কলকাতা হাইকোর্ট তা জানতে চেয়েছে।

এদিকে, মাদ্রাসা সার্ভিস কমিশনের পঞ্চম থেকে অষ্টম শ্রেণীর শিক্ষক নিয়োগের ওপর অন্তর্বর্তী স্থাগিতাদেশ কলকাতা হাইকোর্টের।

২) পাহাড় সমস্যার স্থায়ী রাজনৈতিক সমাধানের লক্ষ্যে প্রায় সাড়ে তিন বছর পর কেন্দ্রীয় সরকার ত্রিপাক্ষিক বৈঠকে বসতে চলেছে।

৩) উত্তর ২৪ পরগণার ভাটপাড়ায় বিজেপি নেতা অর্জুন সিং-এর বাড়ি লক্ষ্য গুলি ও বোমাবাজির অভিযোগে দুজনকে গ্রেপ্তার করা হয়েছে।

৪) শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরের জন্মজয়ন্তীতে ঠাকুরনগরে শুরু হয়েছে মতুয়া সম্মেলন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

৫) ঈদ উল ফিতোর উপলক্ষে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন শিয়ালদা লালগোলা শাখার মধ্যে বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

৬) রাজ্যে পুরসভাগুলির পরিকাঠামোগত উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার চলতি অর্থ বছরে ৪৬২ কোটি টাকা বরাদ্দ করেছে।

---

রাজ্যের কলেজ বিশ্ববিদ্যালয় গুলিতে ছাত্র সংসদ নির্বাচন কেন হচ্ছে না কলকাতা হাইকোর্ট তা নিয়ে প্রশ্ন তুলেছে।

হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ আজ এ ব্যাপারে অবস্থান স্পষ্ট করতে রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে।

মামলার শুনানির সময় প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম তার পর্যবেক্ষণে জানান, দীর্ঘদিন কলেজ বিশ্ববিদ্যালয়ে নির্বাচন না হওয়ায় পড়ুয়াদের মধ্যে অসন্তোষ বাড়ছে। কেন নিয়ম মেনে নির্বাচন করা যাচ্ছে না দু'সপ্তাহের মধ্যে তা হলফনামা দিয়ে জানাতে রাজ্যের উচ্চ শিক্ষা দপ্তরকে নির্দেশ দিয়েছে উচ্চ আদালত।

এ প্রসঙ্গে আইনজীবী সায়ন বন্দ্যোপাধ্যায় বলেন,

বাইট

অন্যদিকে এসএফআই-এর রাজ্য সম্পাদক দেবাঞ্জন দে আদালতের আজকের নির্দেশকে স্বাগত জানিয়েছেন। সাংবাদিকদের তিনি বলেন,

বাইট

---

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে কোনও রাজনৈতিক নেতা বা ব্যাক্তিত্বকে নিয়ে আপাতত কোন মিটিং মিছিল করা যাবেনা বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে। প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম ও বিচারপতি চৈতালি চট্টোপাধ্যায় দত্তের ডিভিশন বেঞ্চে দায়ের হওয়া একটি জনস্বার্থ মামলার প্রেক্ষিতে আজকের এই নির্দেশ। পাশাপাশি

নিরাপত্তা ও সুরক্ষার বিষয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কি কি পদক্ষেপ নিচ্ছে আদালত তা তিন সপ্তাহের মধ্যে হলফনামা দিয়ে জানাতে নির্দেশ দিয়েছে।

--------------------

মাদ্রাসা সার্ভিস কমিশনের পঞ্চম থেকে অষ্টম শ্রেণির শিক্ষক নিয়োগের উপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিল কলকাতা হাই কোর্ট। উচ্চ আদালত এক নির্দেশে জানিয়েছে, আপাতত পঞ্চম থেকে অষ্টম শ্রেণির (আপার প্রাইমারি) শিক্ষক নিয়োগের মুল পরীক্ষার ফলপ্রকাশ করা যাবে না। তবে নবম থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগে কোন বাধা নেই।

উল্লেখ্য ২০২৩-এ শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি জারি করে রাজ্যের মাদ্রাসা সার্ভিস কমিশন। পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তিতে চাকরি প্রার্থীদের যে তারিখের মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করার শর্ত দেওয়া হয়েছিল, তার মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করতে না পারা একাধিক প্রার্থী পরীক্ষায় বসেছিলেন। পয়লা মে ফের মামলাটি শুনানির জন্য রাখা হয়েছে।

--------------------

পাহাড় সমস্যার স্থায়ী রাজনৈতিক সমাধানের লক্ষ্যে প্রায় সাড়ে তিন বছর পর কেন্দ্রীয় সরকার ত্রিপাক্ষিক বৈঠকে বসতে চলেছে।

আগামী ২ এপ্রিল দিল্লিতে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী (উত্তরাঞ্চলের ) পৌরহিত্যে ওই বৈঠকে স্থানীয় রাজনৈতিক দলের পাশাপাশি সমস্ত অংশীদার ও রাজ্য সরকারকে আমন্ত্রণ জানানো হয়েছে। তবে এখনও পর্যন্ত জিটিএ কর্তৃপক্ষ এবং পাহাড়ের বর্তমান শাসক

দল অনীত থাপার বিজিপিএমকে বৈঠকে আমন্ত্রণ জানানো হয়নি বলে অভিযোগ। বিজিপিএম নেতৃত্ব ইতিমধ্যেই বিষয়টি নিয়ে ক্ষোভ প্রকাশ করেছে।

--------------------

উত্তর ২৪ পরগণার ভাটপাড়ায় বিজেপি নেতা অর্জুন সিং-এর বাড়ি লক্ষ্য করে গুলি ও বোমাবাজির অভিযোগে দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতদের আজ আদালতে তোলা হলে ১০ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

স্থানীয় মেঘনা মিলে গতরাতে এই অশান্তির জেরে এলাকায় উত্তেজনা ছড়ায়। শাসক দল আশ্রিত দুষ্কৃতীরাই এই ঘটনায় জড়িত বলে অভিযোগ। ১৮ নম্বর ওয়ার্ডের তৃণমূল কংগ্রেস কাউন্সিলার সুনীতা সিং-এর ছেলে নমিত ঘটনাস্থলে গেলে, গন্ডগোল চরমে ওঠে। অর্জুন সিং-এর বাড়ি মজদুর ভবনের সামনে সাত রাউন্ড গুলি চলে বলেও অভিযোগ।

এদিকে, ঘটনার তদন্তে ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের এসিপি অভিষেক বোলিয়ারের নেতৃত্বে পুলিশের একটি দল আজ সন্ধ্যায় অর্জুন সিং-এর বাড়িতে যায়। ঘন্টা খানেক তারা জিজ্ঞাসাবাদ করে অর্জুন সিং-কে। তাকে দুবার নোটিশ পাঠানো সত্ত্বেও শ্রী সিং থানায় হাজিরা দেন নি বলে অভিযোগ করেন এসিপি।

অন্যদিকে অর্জুন সিং তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করে বলেছেন,

বাইট অর্জুন

বিজেপি সাংসদ মনোজ টিগ্গা বলেছেন, পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলা বলে কিছু নেই। বিরোধী দলনেতা সহ বিজেপি নেতৃবৃন্দকে নিশানা করা হচ্ছে।

--------------------

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের আওতাধীন কেলগ কলেজে এক আলোচনা চক্রে নারী ক্ষমতায়ন নিয়ে বক্তব্য পেশ করছেন। কিছুক্ষণ আগে তিনি লন্ডন থেকে বাসে অক্সফোর্ডে পৌঁছন। এবারের ব্রিটেন সফরে এটিই তাঁর প্রধান কর্মসূচি।

এদিকে, প্রবীণ কংগ্রেস নেতা, প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরী, মুখ্যমন্ত্রীর সফরকে আবারও কটাক্ষ করেছেন। সাংবাদিকদের তিনি বলেন,

বাইট

--------------------

এবারের স্পটলাইটের আলোচনার বিষয়ঃ- 'প্রধানমন্ত্রীর মরিশাস সফর ও ভারতের বিদেশ নীতি'। আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞ  অনিন্দ্য জ্যোতি মজুমদারের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত এই অনুষ্ঠানটির প্রথম পর্ব শোনা যাবে আজ রাত সাড়ে ৮টায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। দ্বিতীয় পর্বটি শোনা যাবে আগামী রবিবার।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ শ্রী শ্রী হরিচাদ ঠাকুরের জন্ম জয়ন্তীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে প্রধানমন্ত্রী বলেছেন, তিনি অগণিত মানুষের হৃদয়ে স্থান পেয়েছেন।

মতুয়া ধর্মগুরু শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরের ২১৪ তম জন্মতিথি উপলক্ষে ঠাকুরনগরে শুরু হয়েছে মতুয়া ধর্ম মহামেলা। মেলার নিরাপত্তায় এক হাজারের'ও বেশী পুলিশ কর্মী মোতায়েন করা হয়েছে। রয়েছে ড্রোন-এর নজরদারি। বিরোধ মিটিয়ে এবার দুটি 'অল ইন্ডিয়া মতুয়া মহাসঙ্ঘ' যৌথভাবে এই মেলার আয়োজন করেছে। ঠাকুরবাড়ির দুই শরিক মমতা ঠাকুর ও শান্তনু ঠাকুর, উভয়পক্ষই কমিটিতে আছেন।

অল ইন্ডিয়া মতুয়া মহাসংঘের সংঘাতিপতি শান্তনু ঠাকুর আজ সস্ত্রীক কমানা সাগের ডুব দিয়ে পূণ্যস্নান করেন। পরে সাংবাদিকরদের তিনি বলেন,

বাইট

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও আজ কামনা সাগরে স্নান করেন।

উল্লেখ্য, মধু কৃষ্ণা ত্রৈয়োদশীতে বারুণীর দিন মতুয়া ধর্মগুরু জন্মগ্রহণ করেছিলেন। গতকাল রাত সাড়ে ১০ টা থেকে বারুণী স্নান শুরু হয়। এর সময়সীমা শেষ হয়েছে আজ রাত ৮'টা ৫৫ মিনিটে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরের জন্মদিবস উপলক্ষ্যে রাজ্য তথা বিশ্বের মতুয়া সম্প্রদায়ের মানুষকে শুভেচ্ছা জানিয়েছেন।

--------------------

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন, ২০২৪ সালের লোকসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেস দক্ষিণ ২৪ পরগনা জেলায় ভোট লুঠ করেছে। এমনকী পঞ্চায়েত ভোটে বিরোধীদের গণনাকেন্দ্রে পৌঁছতে দেওয়া হয়নি বলেও তাঁর দাবি। উচ্চ আদালতের অনুমতি সাপেক্ষে তিনি আজ জেলার বারুইপুরে পুলিশ সুপারের অফিস ঘেরাও কর্মসূচিতে অংশগ্রহণের পর এক জনসভায় এই অভিযোগ করেন। বারুইপুরের

পুলিশ সুপার পলাশ ঢালিকে হুঁশিয়ারি দিয়ে শুভেন্দুবাবু বলেন, লোকসভা ভোটের দিন তাদের দলের কর্মীদের মারধরও করা হয়েছে। এর পাল্টা প্রতিবাদ তারা সেদিন করলে আহতের সংখ্যা ২০০ ছাড়াতো বলে শুভেন্দু বাবুর দাবি।

উল্লেখ্য গত ১৯ শে মার্চ বারুইপুর এসপি অফিসের সামনে পথসভা করতে যান শুভেন্দু। স্থানীয় তৃণমূল কংগ্রেসের সদস্যরা সেদিন তাঁর গাড়ি ঘিরে ব্যাপক বিক্ষোভ দেখায়। চোর স্লোগানও দেওয়া হয়। সেদিনই শুভেন্দুবাবু ২৭ শে মার্চ সভা করার কথা ঘোষণা করেন। প্রশাসন অনুমতি না দেওয়ায় কলকাতা হাইকোর্টের দ্বরাস্থ হন তিনি।

--------------------

ইদ-উল-ফিতর উপলক্ষ্যে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন শিয়ালদা - লালগোলা সেকশনের মধ্যে বিশেষ  ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। ওই সিদ্ধান্ত অনুসারে আগামী ৩০ মার্চ শিয়ালদা - লালগোলা EMU স্পেশাল সকাল ১১ টা ৫৫ মিনিটে শিয়ালদা থেকে ছেড়ে বিকেল ৪ টে ৫৫ মিনিটে লালগোলা পৌঁছাবে। ওইদিন লালগোলা - রানাঘাট EMU  স্পেশাল লালগোলা থেকে বিকেল পাঁচটা ৪৫ মিনিটে ছেড়ে রাত ৯ টা দু মিনিটে রানাঘাট পৌঁছাবে।

এদিকে, ঈদ উপলক্ষে অতিরিক্ত বাস চালানোর জন্য ভাঙরের ISF বিধায়ক নওশাদ সিদ্দিকী  আজ রাজ্যের পরিবহণ মন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তীর কাছে আবেদন জানিয়েছেন। এর আগে তিনি ইদ উপলক্ষ্যে উত্তরবঙ্গগামী  অতিরিক্ত ট্রেন চালানোর জন্য শিয়ালদা র DRM দীপক নিগম এর কাছে অবেন জানান।

--------------------

দীর্ঘ জটিলতা কাটিয়ে অবশেষে আজ জয়রামবাটি পর্যন্ত পরীক্ষামূলক ভাবে ট্রেন চলাচল শুরু হল। কমিশন অব রেলওয়ে সেফটির উদ্যোগে বিশেষ ট্রেন নব নির্মিত জয়রামবাটি স্টেশনের মাটি ছুঁতেই উচ্ছ্বাস আর আবেগে ভাসেন জনতা। উপস্থিত ছিলেন জয়রামবাটি মাতৃমন্দিরের সন্ন্যাসীরাও।

--------------------

রাজ্যের পুরসভাগুলির পরিকাঠামো উন্নয়নের জন্যে কেন্দ্রীয় সরকার চলতি অর্থ বছরের শেষ সপ্তাহে ৪৬২ কোটি টাকা বরাদ্দ করেছে। কেন্দ্রের নির্দেশ মেনে পুরসভাগুলির উন্নয়নে কি পদক্ষেপ নেওয়া যায় তা নিয়ে আগামীকালের মধ্যে বিস্তারিত প্রকল্প রিপোর্ট পাঠানোর জন্যে রাজ্যের পুর ও নগরউন্নয়ন দপ্তর ১১৮টি পুরসভাকে নির্দেশ দিয়েছে ।

নবান্ন সূত্রে জানা গিয়েছে মিলিয়ন প্লাস সিটি প্রকল্পে এই টাকায় পুরসভাগুলিতে রাস্তা, নিকাশি ব্যবস্থা ও বর্জ্যপদার্থ নিষ্কাশনের কাজ করা যাবে।

-------------------- --------------------